

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে নবীন-বরণ অনুষ্ঠিত

প্রেস বিজ্ঞপ্তি



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ২০২৪ সালের শীতকালীন সেমিস্টারের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৭ অক্টোবর) রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এই সেমিস্টারে ১৩-টি বিভাগে আলাদা অনুষ্ঠানের মাধ্যমে স্নাতক এবং স্নাতকোত্তর শ্রেণীতে দুই হাজার ৭শ' জনেরও বেশী শিক্ষার্থীকে বরণ করা হয়েছে। শিক্ষার্থীদের বেশিরভাগই নারী। অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের বরণ করে নেবার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিয়মকানুন, শিক্ষা কার্যক্রম, সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণা দেয়া হয়।

নবীনবরণ অনুষ্ঠানে অতিথি হিসেবে যোগ দেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান, উপ-উপাচার্য অধ্যাপক ড. এম আশিক মোসাদ্দিক, কোষাধ্যক্ষ এয়ার কমডোর (অব.) ইশফাক এলাহি চৌধুরী।

অনুষ্ঠানে বক্তারা, নবীনদের আত্মবিশ্বাসী নাগরিক হয়ে গড়ে উঠার তাগিদ দেন। একইসাথে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জীবনে কঠোর অধ্যবসায়ের পাশাপাশি বিভিন্ন ক্লাব, গবেষণাগার এবং লাইব্রেরিতে সক্রিয় হয়ে একজন দক্ষ মানব সম্পদ রূপে নিজেকে গড়ে তোলার প্রস্তুতি নিতে পরামর্শ দেন।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

